



বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৫/২৪৩৩৯
৮ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় জুলাই ২০২৪ এবং জানুয়ারি ২০২৫ সেশনে এফসিপিএস ১ম পর্ব পাসকৃত যে সকল বেসরকারি প্রশিক্ষণার্থী সরকারি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক তাঁদেরকে প্রশিক্ষণের জন্য সরকারি প্রতিষ্ঠানের বিসিপিএস কর্তৃক স্বীকৃত সকল ডিসপ্লিনে অনলাইন অটোমেশনের মাধ্যমে মেধা ও পছন্দের ভিত্তিতে পদায়ন করা হবে। এমতাবস্থায়, কলেজের ওয়েবসাইটের এ লিঙ্কে <https://sds.bcps.edu.bd/allocation/registration/> প্রবেশ করে আগামী ১৫ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ এর মধ্যে অনলাইনে প্রতিষ্ঠান পছন্দ ফরম পূরণ করে সাবমিট করার জন্য সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

প্রশিক্ষণার্থী নিজ উদ্যোগে কোন সরকারি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। যারা বেসরকারি প্রতিষ্ঠানে যোগদান করবেন তাহারা উক্ত প্রতিষ্ঠানে হতে বেতন ভাতা উত্তোলন করবেন। বেসরকারি প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীদের সরকার কর্তৃক প্রদত্ত ভাতা বিসিপিএস এর মাধ্যমে প্রদান করা হবে না।

উল্লেখ্য যে, পদায়নকৃত প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ স্থলের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাকটিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করতে পারবে না।

এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট www.bcps.edu.bd ভিজিট করুন।

বিঃ দ্রঃ

- জুলাই ২০২৪ এর পূর্বে এফসিপিএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণ প্রত্যাশীগণ বিসিপিএস কর্তৃক স্বীকৃত বিভাগ/প্রতিষ্ঠানে পূর্বের নিয়মে তাঁদের নিজ নিজ পছন্দ অনুসারে সরাসরি যোগ দিতে পারবেন।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)
সচিব, বিসিপিএস।